

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর আপিল অঞ্চল-২, ঢাকা
রাজস্ব ভবন (১২ তলা), প্লট নং-এফ ১/এ
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.taxappealzone2dhaka.gov.bd



নথি নং: ১৬(১০)/শৃঙ্খলা/২০২৫-২০২৬/৪০৯(১-৮৩)

তারিখ: ১৫/০৫/১৪৩৩ বঙ্গাব্দ
৩০/০৮/২০২৬ খ্রি.

অফিস আদেশ

যেহেতু মির্জা শামিমা পারভীন (এনআইডি নং-১৯৮৬৩৫২৩২০৭১২৫৯২৮), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, আপিল রেঞ্জ-০৩, কর আপিল অঞ্চল-০২, ঢাকা, পিতা: আব্দুল মান্নান মিয়া, মাতা: হোসেনয়ারা বেগম, বর্তমান ঠিকানা: আপিল রেঞ্জ-০৩, কর আপিল অঞ্চল-০২, ঢাকা, স্থায়ী ঠিকানা: ৩৪৩, নতুন স্কুল রোড, মোহাম্মদপাড়া, ডাকঘর: গোপালগঞ্জ, থানা: গোপালগঞ্জ, জেলা: গোপালগঞ্জ বিগত ২০/১০/২০২২ খ্রি. তারিখ থেকে ১৮/০৮/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত সময়কালে নিয়মিত বিরতিতে ১৩১ (একশত একত্রিশ) দিন কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। এ বিষয়ে তাকে বার বার কারণ দর্শানো নোটিশ জারি করা হলেও তিনি সে কারণ দর্শানো নোটিশগুলির সন্তোষজনক কোনো জবাব দিতে পারেন নাই। পরবর্তীতে বিগত ০১/০৯/২০২৩ খ্রি. তারিখ থেকে ২৭/১০/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত একনাগাড়ে ৭৮৮ (সাতশত আটটি) দিন তিনি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। এর প্রেক্ষিতে বিগত ৩০/১০/২০২৫ খ্রি. তারিখে এ অফিসের নথি নং-১৬(১০)/শৃঙ্খলা/২০২৫-২০২৬/২০৩(১), তারিখ: ৩০/১০/২০২৫ খ্রি. স্মারকমূলে তার উপর কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। তিনি ঐ কারণ দর্শানো নোটিশের কোনো সন্তোষজনক জবাব প্রদান করতে পারেন নাই। পরবর্তীতে নথি নং-১৬(১০)/শৃঙ্খলা/২০২৫-২০২৬/২৯৪, তারিখ: ৩০/১১/২০২৫ খ্রি. স্মারকমূলে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(৮) বিধিমাতে তাকে “পলায়ন (desertion)” এর অভিযোগে অভিযুক্ত করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তৈরী করে তা তার উপর জারি করা হয়;

যেহেতু মির্জা শামিমা পারভীন তার উপর জারিকৃত প্রথম কারণ দর্শানো নোটিশের সন্তোষজনক কোনো জবাব প্রদান করতে পারেন নাই এবং তিনি আত্মপক্ষ সমর্থনের জন্য ব্যক্তিগত শুনানী প্রদানের ইচ্ছা ব্যক্ত করলে বিগত ০৮/০৩/২০২৬ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু বিগত ০৯/০৩/২০২৬ খ্রি. তারিখে নথি নং-১৬(১০)/শৃঙ্খলা/২০২৫-২০২৬/৮০০, তারিখ: ০৯/০৩/২০২৬ খ্রি. স্মারকমূলে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ডি) বিধি অনুযায়ী ৩(তিন) সদস্যের তদন্ত বোর্ড গঠন করা হয়;

যেহেতু তদন্ত বোর্ড তদন্ত শেষে বিগত ২০/০৪/২০২৬ খ্রি. তারিখে নথি নং-শৃঙ্খলা/তদন্ত প্রতিবেদন/আহ্বায়ক/২০২৫-২০২৬/৮৭৫, তারিখ: ২০/০৪/২০২৬ খ্রি. মোতাবেক তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন থেকে এটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় যে, মির্জা শামিমা পারভীন একটানা ৭৮৮ (সাতশত আটটি) দিন এবং এর পূর্বেও নিয়মিত বিরতিতে ১৩১ (একশত একত্রিশ) দিন কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং তিনি দোষী বলে সাব্যস্ত হন;

যেহেতু তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযুক্ত কর্মচারী মির্জা শামিমা পারভীনকে তদন্ত প্রতিবেদনের কপি সহ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৮) ও ৭(৯) মোতাবেক নথি নং-১৬(১০)/শৃঙ্খলা/২০২৫-২০২৬/২১৬, তারিখ: ১৩/০৮/২০২৬ খ্রি. স্মারকমূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু বিগত ২০/০৮/২০২৬ খ্রি. তারিখে দাখিলকৃত ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে মির্জা শামিমা পারভীন নিজেই নির্দোষ প্রমাণের মত কোনো তথ্য প্রমাণাদি উপস্থাপন করতে ব্যর্থ হন। অধিকন্তু ঐ জবাবে তিনি স্বীকার করে নেন যে, প্রথম কারণ দর্শানো নোটিশের জবাবের সাথে তিনি যে মেডিকেল সার্টিফিকেটের কপি দাখিল করেছিলেন সেটি সঠিক ছিল না;

যেহেতু অভিযুক্ত কর্মচারী মির্জা শামিমা পারভীন এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(৮) অনুযায়ী “পলায়ন (desertion)” এর অভিযোগ এনে কেন সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক সরকারী চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from service) করা হবে না তার কারণ জানতে চেয়ে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিল করবার জন্য এ অফিসের নথি নং-১৬(১০)/শৃঙ্খলা/২০২৫-

২০২৬/২১৬, তারিখ: ১৩/০৮/২০২৬ খ্রি. স্মারকমূলে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হলে দাখিলকৃত জবাবে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডন করতে পারেন নাই;

যেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক আমি নিম্নস্বাক্ষরকারী অভিযুক্ত কর্মচারী মিড্ শামিমা পারভীনকে উক্ত বিধিমালার ২(চ) এবং ৩(গ) অনুযায়ী “পলায়ন (desertion)” এর অভিযোগে দোষী সাব্যস্ত করেছি এবং সার্বিক বিবেচনায় গুরুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছি;

এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১১)(ক) মোতাবেক অভিযুক্ত কর্মচারী মিড্ শামিমা পারভীন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, আপিল রেঞ্জ-০৩, কর আপিল অঞ্চল-০২, ঢাকাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) তে বর্ণিত গুরুদণ্ড হিসেবে সরকারী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হলো।

এ আদেশ জনস্বার্থে করা হলো এবং এটি ৩০/০৮/২০২৬ খ্রি. তারিখ অপরাহ্ন থেকে কার্যকর হবে।



৩০.০৮.২০২৬ খ্রি.

(মুশী হারুন রশিদ)

কর কমিশনার

কর আপিল অঞ্চল-২, ঢাকা।

নথি নং: ১৬(১০)/শৃঙ্খলা/২০২৫-২০২৬/৪০৯(১-৮৩)

তারিখ: ১৫/০৫/১৪৩৩ বঙ্গাব্দ
৩০/০৮/২০২৬ খ্রি.

অনুলিপি: অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/কর আপিল ও অব্যাহতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ০৩। কর কমিশনার, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল, ঢাকা।
- ০৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা, বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা।
- ০৫। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
- ০৬। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়নগঞ্জ/বগুড়া/কুমিল্লা/যশোর/নরসিংদী/ফরিদপুর/কক্সবাজার/দিনাজপুর/কুষ্টিয়া/নোয়াখালী/পাবনা।
- ০৭। কর কমিশনার, কর আপিল অঞ্চল-১/২/৩/৪/৫/৬, ঢাকা/খুলনা/কর আপিল অঞ্চল-১/২, চট্টগ্রাম/রাজশাহী/রংপুর।
- ০৮। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, আপিল রেঞ্জ-১/২/৩/৪, কর আপিল অঞ্চল-২, ঢাকা।
- ০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। পিএসটু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১/৪), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১২। অতিরিক্ত সহকারী কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), কর আপিল অঞ্চল-২, ঢাকা।
- ১৩। সংশ্লিষ্ট কর্মচারী: মিড্ শামিমা পারভীন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, আপিল রেঞ্জ-০৩, কর আপিল অঞ্চল-২, ঢাকা।

✓ ১৪। অফিস কপি।



৩০.০৮.২০২৬ খ্রি.

(চন্দনা সরকার)

অতিরিক্ত সহকারী কর কমিশনার

সদর দপ্তর (প্রশাসন)

কর আপিল অঞ্চল-২, ঢাকা।